গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ১৯২

## নির্বাচনে সাধারণ মানুষের আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই
### - বিভাগীয় কমিশনার

রাজশাহী: ০৫ মাঘ (১৯ জানুয়ারি):

নির্বাচনের সময় সব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মাঠে সক্রিয়ভাবে দায়িত্ব পালন করবে। ফলে সাধারণ মানুষের আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই বলে মন্তব্য করেছেন রাজশাহী বিভাগীয় কমিশনার ড. আ. ন. ম. বজলুর রশীদ।

আজ সোমবার (১৯ জানুয়ারি) সকাল ১০টায় চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে 'নির্বাচন কার্যক্রম সমন্বয়' বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ মন্তব্য করেন তিনি। চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসন এ সভা আয়োজন করে।

বজলুর রশীদ বলেন, সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে বিজিবি, র‍্যাব ও সেনাবাহিনীসহ সব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সর্বদা প্রস্তুত রয়েছে। এছাড়া নিরাপত্তা নিশ্চিত করতে জনগণও প্রশাসনের সঙ্গে সহযোগিতা করছে। এসময় তিনি নির্বাচনের সার্বিক প্রস্তুতি, নিরাপত্তা ব্যবস্থাসহ নির্বাচনসংক্রান্ত অন্যান্য বিষয়ে অবহিত হন ও সংশ্লিষ্টদের বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন।

চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক মো. শাহাদাত হোসেন মাসুদের সভাপতিত্বে অনুষ্ঠানে রাজশাহী রেঞ্জের উপ-মহাপুলিশ পরিদর্শক মোহাম্মদ শাহজাহান বিশেষ অতিথির বক্তৃতা করেন। এসময় চাঁপাইনবাবগঞ্জ পুলিশ সুপার গৌতম কুমার বিশ্বাসসহ নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

পরে বিভাগীয় কমিশনার এবং রাজশাহী রেঞ্জের উপ-মহাপুলিশ পরিদর্শক জয়পুরহাট সার্কিট হাউজের সম্মেলন কক্ষে একই বিষয়ে অনুষ্ঠিত মতবিনিময় সভায় যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথির বক্তৃতা করেন। জয়পুরহাট জেলা প্রশাসক মো. আল-মামুন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জয়পুরহাট পুলিশ সুপার মিনা মাহমুদাসহ নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

.........................................................................

তৌহিদ/হালিম/২০২৬/১৯:৪৫ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd